



আ. লীগ ফিরে আসেনি, তারা সবসময়ই ছিল: আসিফ নজরুল



আসিফ নজরুল। ছবি: সংগৃহীত

আওয়ামী লীগের রাজনীতিতে অবস্থান ও সম্ভাব্য “ফেরা” নিয়ে নতুন করে বিতর্ক তৈরি হয়েছে। সাবেক অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা মাহফুজ আলম সম্প্রতি মন্তব্য করেন, নিষিদ্ধ ঘোষণার পরও দলটি আবার সক্রিয়ভাবে রাজনীতিতে ফিরে এসেছে।

তবে এ বিষয়ে ভিন্ন মত দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও সাবেক আইন উপদেষ্টা আসিফ নজরুল। বুধবার দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি বলেন, আওয়ামী লীগ আসলে কখনোই হারিয়ে যায়নি।

তার ভাষায়, আওয়ামী লীগ ফিরে আসেনি, তারা সবসময়ই ছিল। তবে পরিবর্তন হয়েছে তাদের আচরণে। আগের দস্ত, মিথ্যাচার এবং বিভ্রান্তি ছড়ানোর প্রবণতা এখন আরও প্রকাশ্যে এসেছে।

এর আগে একদিনের ব্যবধানে মাহফুজ আলম ফেসবুকে দুটি পোস্ট দেন। প্রথম পোস্টে তিনি আওয়ামী লীগের রাজনৈতিক চরিত্র ও আদর্শিক অবস্থান নিয়ে মন্তব্য করেন, যেখানে তিনি দলটিকে একটি নির্দিষ্ট মতাদর্শিক কাঠামোর সঙ্গে তুলনা করেন।

পরে আলোচনা ও সমালোচনা শুরু হলে তিনি আরেকটি ব্যাখ্যামূলক পোস্ট দেন। সেখানে তিনি বলেন, তার অবস্থান মূলত সব ধরনের নিপীড়নের বিরুদ্ধে এবং নাগরিকদের মানবাধিকারের পক্ষে—দল, মত বা পরিচয় নির্বিশেষে।